05 OCT 1995

দৈনিক ইত্তেফাক

তারিখ 05 OCT 1995
পৃষ্ঠা 2 কলাম 9

117

## ঢা.বি গ্রন্থাগারে আরো বই চাই

ঢাকা বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারে এই বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর সংখ্যার তুলনায় বইয়ের সংখ্যা খুব কম। পাঠ্য বিষয়ের সহায়ক বই-এর কপির সংখ্যা অধিকাংশ ক্ষেত্রেই তিন-চারটির বেশি নয়। আবার অনেক ক্ষেত্রে দেখা যায় বই যত বেশি গুরুত্বপূর্ণ এবং প্রয়োজনীয় কপির সংখ্যা তত কম। অথচ একেক বিভাগের একেক বর্ষে ছাত্র-ছাত্রীর সংখ্যা প্রায় ১ শত করিয়া। কোন বিশেষ সহায়ক গ্রন্থের যখন প্রয়োজন পড়ে তখন এই প্রায় ১ শত ছাত্র-ছাত্রীরই উহার প্রয়োজন পড়ে। এমতাবস্থায় গ্রন্থাগারে বইয়ের কপির সংখ্যা কম থাকায় প্রায়শঃই প্রার্থিত বই চাহিয়া পাওয়া যায় না। তাহা ছাড়া অনেক বই আছে বহু পুরাতন এডিশনের, যেগুলি দিয়া ছাত্র-ছাত্রীদের প্রয়োজন মিটে না। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিকাংশ ছাত্র-ছাত্রী নিম্ন মধ্যবিত্ত পরিবারের হওয়ায় তাহাদের পক্ষে সকল সহায়ক গ্রন্থ ক্রয় করা সম্ভব হয় না। ফলে, তাহারা পরীক্ষার জন্য প্রয়োজনীয় প্রস্তুতিও নিতে ব্যর্থ হয়। তাই ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারে অতি প্রয়োজনীয় সহায়ক গ্রন্থ সকল ও অভিধানের কপির সংখ্যা প্রয়োজন অনুপাতে বৃদ্ধি এবং সম্ভাব্য ক্ষেত্রে নূতন এডিশনের বই-এর ব্যবস্থা করার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের প্রধান গ্রন্থাগারিক ও মাননীয় উপাচার্য মহোদয় সমীপে আবেদন রাখিতেছি।

—মোঃ রুহুল আমিন, অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।